



102

12

**পরীক্ষায় নকল প্রতিরোধে এক হোন : ডাকসু**

ডাকসুর ভিপি সুলতান মোহাম্মদ মনসুর ও জিএস মশতাক হোসেন এসএসসি পরীক্ষা শুরুর প্রাক্কালে এক বিবর্তিতে পাইকারী নকল দূনীতি ও অব্যবস্থা প্রতিরোধে একাবন্ধভাবে এগিয়ে আসার জন্য ছাত্রসমাজ শিক্ষক-মন্ডলী ও শিক্ষাপ্রদানের কর্মকর্তা-কর্মচারীদের প্রতি আহ্বান জানিয়েছেন।

বিবর্তিতে ডাকসু নেতৃবৃন্দ (শেষ পৃঃ ১ এর কঃ দঃ)

**ডাকসু**  
( ১ম পৃঃ পর )

বলেন : বেশ কয়েক বছর ধরে দেখা যাচ্ছে এসএসসিসহ অন্যান্য পরীক্ষায় ব্যাপক আকারে নকল দূনীতি ও অব্যবস্থা চলছে। কেনে কোন জায়গায় নকলের সুযোগ দেয়ার জন্য চাঁদা নেয়া হয়। পরীক্ষায় এহেন পরিস্থিতি শিক্ষা ব্যবস্থা ধ্বংস করাই পরিষ্কার কথা।

বিবর্তিতে তারা আরও বলেন : পরীক্ষা পদ্ধতির মৌলিক ত্রুটি সত্ত্বেও বিদ্যমান পরীক্ষা ব্যবস্থার মাধ্যমে মেধা যাচাইয়ের যতটুকু ব্যবস্থা আছে তাও যেন ব্যাপক নকল ও দূনীতির কারণে প্রহসনে পরিণত না হয়।

নকলের বিরুদ্ধে প্রচারাভিযান  
বাংলাদেশ যুব ইউনিয়ন পরীক্ষায় নকল প্রবণতা রোধকল্পে আজ থেকে প্রচারাভিযান শুরু করবে।

আজ ঢাকা-ময়মনসিংহ সড়কের দু'পাশের শিক্ষাপ্রতিষ্ঠানসমূহে প্রচার কাজে অংশ নেবেন টিভি অভিনেতা আসাদুজ্জামান নূর, লাকী ইনাম ফুটবলার ওয়াসিম ও যুব ইউনিয়নের সভাপতি মাহমুদ জামান।